

পাঠ্যবই নিয়ে ভোগান্তি নয়

একাদশ শ্রেণীর শিক্ষার্থীরা এবার সময়মতো পাঠ্যবই পাবে কি-না, তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। আগামী ১ জুলাই নতুন শিক্ষাবর্ষ শুরু হচ্ছে। অঞ্চল এর মধ্যে জাতীয় শিক্ষানীতির আলোকে নয়া পাঠ্যবই লেখা ও ছাপানোর কাজ শেষ হওয়া নিয়ে দোদুল্যমানতা তৈরি হয়েছে। বিষয়টি উদ্বেগজনক। জানা গেছে, নতুন শিক্ষানীতির আশেপাশে এবার সরকার উচ্চ মাধ্যমিকে যেটি ৩৪টি বই প্রকর্তন করার চিন্তাভাবনা করছে। উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক স্তরে সরকার বিনামূল্যে বই দেয় না। পঠিত বিষয়গুলোর মধ্যে সরকার কেবল বাংলা আর ইংরেজি প্রথমপত্র বই ছেপে বিক্রি করে। বাকি সব বই বেসরকারিভাবে ছাপা হয়। নতুন পাঠ্যবই নিয়ে দুর্নীতির অভিযোগ ওঠায় নতুন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর অন্তত ১২ লাখ শিক্ষার্থী চরম ভোগান্তির শিকার হবে বলে ধারণা করা হচ্ছে, যা উদ্বেগের মূল কারণ।

নতুন বই হাতে নতুন ক্লাসে শিক্ষার্থীদের অভিষেক ঘটবে— এটাই স্বাভাবিক প্রত্যাশা। কিন্তু জাতীয় শিক্ষাহুম, এ পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) একশ্রেণীর কর্মকর্তা-কর্মচারীর করসমাজিত্যে এ প্রত্যাশা পূরণে দেখা দিয়েছে বিপত্তি। দেখা যাচ্ছে, উচ্চ মাধ্যমিকের কারিকুলাম প্রণয়নের কাজ গত বছরের নভেম্বর মাসেই সম্পন্ন হয়েছে। অঞ্চল প্রায় চার মাস এ কারিকুলাম বণপদাধা করে রাখার পর গত ৬ মার্চ নতুন পাঠ্যবইয়ের পাণ্ডুলিপি চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এটি যে সম্পূর্ণ দুর্ভিত্তিসম্মলক, তা বলার অপেক্ষা রাখে না। পাঠ্যবই লেখার জন্য পর্যাপ্ত সময় না নিয়ে এনসিটিবি কাদের হার্ব রুকা করছে, সেটি পরিষ্কার হওয়া উচিত। পাঠ্যপুস্তক নিয়ে এ ধরনের কর্মকাণ্ড চন্দ্রে সময়মতো বই না পেয়ে শিক্ষার্থীদের মধ্যে হায্যকায় সৃষ্টি হওয়াটাই স্বাভাবিক। তখন তারা আমল-নকল বিচার না করে যা সামনে পাবে, ষিওন-তিনওণ দামে তাই কিনতে বাধ্য হবে। এটি প্রত্যন্ত অন্যান্য ও গর্হিত কাজ হলে মনে করি আমরা। দেশের শিক্ষার্থীদের মঙ্গলচিতার দায়িত্বতার যেহেতু এনসিটিবির হাতে ন্যস্ত, তাই এ ব্যাপারে স্বচ্ছতার পাশাপাশি তাদের ভূমিকা স্পষ্ট হওয়া উচিত। তবে এ কথাও সত্য যে, বিরাজমান দুর্নীতি কয়েক উদ্যোগ মূলত সরকারকেই নিতে হবে। একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের হাতে সময়মতো পাঠ্যপুস্তক তুলে দেয়ার পাশাপাশি কেটিং ও গাইড বই নিয়ে দেশে যে নৈরাজ্য চলছে, তার রূপ টেনে ধরার মাধ্যমে শিক্ষার্থীদের হার্বসংগঠিত অন্যান্য বিষয়ে সরকার দায়িত্বশীলতার পরিচয় দেবে— এটাই আমাদের প্রত্যাশা।